গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।
urc.kahaloo.bogra.gov.bd

স্মারক নং: ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০০২.২৩-২৫

তারিখ: ২৪ বৈশাখ, ১৪৩১ / ০৭ মে, ২০২৪ খ্রি.

**বিষয় ঃ বিষয়ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণে শিক্ষক ডেপুটেশন প্রদান প্রসঙ্গে।**
সুত্র ঃ ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৩.২২.১, তারিখ ঃ ১৬/০৪/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয় বিষয়ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা দিয়েছেন। উক্ত প্রশিক্ষণ নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অত্রাফিসে পরিচালিত হবে। উক্ত প্রশিক্ষণে সংযুক্ত নীতিমালা অনুযায়ী ইংরেজি বিষয়ে পাঠদানকারী শিক্ষকগণকে প্রশিক্ষণার্থী হিসেবে প্রতি ব্যাচে ৩০ জন, TMTE প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষকগণের মধ্য থেকে প্রতি ব্যাচে ০২ জন শিক্ষককে প্রশিক্ষক এবং ০১ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে সহায়ক কর্মকর্তা হিসেবে ডেপুটেশন প্রদান ও অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

| ব্যাচ নং | তারিখ | সংখ্যা |
|---|---|---|
| ১ম | ১৩ মে, ২০২৪ খ্রি. - ১৮ মে, ২০২৪ খ্রি. | প্রশিক্ষণার্থী- ৩০ জন<br>প্রশিক্ষক- ০২ জন |
| ২য় | ১৯ মে, ২০২৪ খ্রি. - ২৬ মে, ২০২৪ খ্রি.<br>(২১ মে এবং ২২ মে বন্ধ) | প্রশিক্ষণার্থী- ৩০ জন<br>প্রশিক্ষক- ০২ জন |

**সংযুক্ত: নীতিমালা- ০৩ পাতা**

উপজেলা শিক্ষা অফিসার
কাহালু, বগুড়া।

০৭/০৫/২০২৪
(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

স্মারক নং: ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০০২.২৩-২৫(১১)

তারিখ: ২৪ বৈশাখ, ১৪৩১ / ০৭ মে, ২০২৪ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
৪. সুপারিনটেনডেন্ট, বগুড়া পিটিআই, বগুড়া।
৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৬. সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল), কাহালু, বগুড়া।
৭. অফিস কপি।

(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশিক্ষণ বিভাগ
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

তারিখ: ৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৩.২২.১

**বিষয়: চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪) এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে বিষয়ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণ আয়োজন।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি৪) এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে সকল ইউআরসি/টিআরসিতে TMTE প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষকদ্বারা ০৬ (ছয়) দিনব্যাপি বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষণ আয়োজনের জন্য যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন প্রদান করেছেন।

২। TMTE প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষকদ্বারা বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণসূচী, বাজেট বিভাজন, প্রশিক্ষণ ম্যানুয়াল (নতুন সংযোজনীসহ), ও SOP এতদসঙ্গে প্রেরণ করা হলো। নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণ পূর্বক যথাযথভাবে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

<u>বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষণ পরিচালনার নির্দেশনা:</u>

ক) বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষণ শুরুর পূর্বে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরগণ স্ব স্ব উপজেলার TMTE প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষকগণকে নতুন সংযোজনীসহ ইংরেজী প্রশিক্ষণ ম্যানুয়াল বিষয়ে পরিচিতি প্রদান করবেন। TMTE প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষকগণ, প্রশিক্ষণ ম্যানুয়ালের নতুন সংযোজনী সমূহ TMTE প্রশিক্ষণের আদলে ইউআরসি ইন্সট্রাক্টরের নিকট উপস্থাপন করবেন। বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষণে সার্বিক সফলতার জন্য ইউআরসি ইন্সট্রাক্টর এবং TMTE প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষকগণ প্রশিক্ষণের সকল অধিবেশন সম্পর্কে বিস্তারিত আলোচনা করে প্রশিক্ষণের জন্য প্রস্তুতি গ্রহণ করবেন।

খ) বর্ণিত প্রশিক্ষণটি পরিচালনার জন্য প্রয়োজনীয় অর্থছাড়ের সাথেসাথেই শুরু করতে হবে। কোন বিশেষ কারণে সময় পরিবর্তন করতে হলে তা প্রশিক্ষণ বিভাগকে অবহিত করে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। সাপ্তাহিক ছুটির দিন (শুক্র ও শনিবার) প্রশিক্ষণ চলমান থাকবে। শুধুমাত্র সরকার কর্তৃক নির্ধারিত ছুটির দিনসমূহে প্রশিক্ষণ বন্ধ থাকবে।

গ) প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ০৮:৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভ্যেনুতে স্বাস্থ্যবিধি/SOP অনুসরণ করে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

ঘ) উপজেলা/থানা শিক্ষা অফিসার শিক্ষকের নাম, পদবী ও অন্যান্য তথ্যাদি উল্লেখ পূর্বক বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরের সাথে সমন্বয়পূর্বক ব্যাচ ওয়ারী শিক্ষক মনোনয়ন প্রদান করবেন এবং মনোনয়নকারী হিসেবে (নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে) IPEMIS Software এ এন্ট্রি করবেন। ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ সম্পন্নকারী হিসেবে (নিজস্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে) শিক্ষকগণের তথ্য IPEMIS Software এ এন্ট্রি করবেন।তথ্য এন্ট্রি জনিত কোন সমস্যা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের সাথে ইমেইলে (helpimddpe@gmail.com) যোগাযোগ করা যেতে পারে।

ঙ) প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষক প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করবেন। কোন অবস্থাতেই একজন শিক্ষক একাধিকবার উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না এবং একটি বিদ্যালয় হতে একই ব্যাচে একাধিক শিক্ষককে মনোনয়ন দেয়া যাবেনা।

চ) উপজেলা/ থানা শিক্ষা অফিসারগণ TMTE প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষকগণের মধ্য থেকে ০২ (দুই) জন প্রশিক্ষককে ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরগণের সাথে সমন্বয় পূর্বক প্রশিক্ষকের দায়িত্ব প্রদান করবেন। বিশেষ ক্ষেত্রছাড়া একজন প্রশিক্ষক পরপর দু'ব্যাচে প্রশিক্ষকের দায়িত্ব পালন করতে পারবেন না।

**ছ) যে সকল উপজেলায় TMTE প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষক নাই অথবা প্রশিক্ষকের স্বল্পতা রয়েছে সে সকল উপজেলায় সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পাশ্ববর্তী উপজেলা/থানা হতে প্রশিক্ষক মনোনয়ন দিবেন।**

ছ) অতিরিক্ত প্রশিক্ষণ কক্ষের সুবিধা থাকা সাপেক্ষে একইসাথে ২ (দুই) ব্যাচ প্রশিক্ষণ পরিচালনা করা যাবে। এক্ষেত্রে কর্মরত (ইন্সট্রাক্টর/সহকারী ইন্সট্রাক্টর) কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করবেন।

জ) প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী মনোনয়নে কোন অনিয়ম পরিলক্ষিত হলে মনোনয়নকারী কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

ঝ) প্রশিক্ষণ বিভাগ কর্তৃক সরবরাহকৃত বিষয় ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষণ ম্যানুয়াল (নতুন সংযোজনীসহ), প্রশিক্ষণসূচীর আলোকে প্রশিক্ষকগণ প্রশিক্ষণ পরিচালনা করবেন। ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় উপকরণ

সংগ্রহ করে নির্ধারিত দিনে সরবরাহ করবেন।

ঞ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্ব প্রাপ্ত ইন্সট্রাক্টর/ সহকারী ইন্সট্রাক্টর কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য, কোর্স-কোঅর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালনের সময় একই ব্যক্তি অন্য কোন প্রশিক্ষণের প্রশিক্ষক/কো-অর্ডিনেটর/প্রশিক্ষণার্থী/সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না। সহায়ক কর্মকর্তা হিসেবে ইন্সট্রাক্টর/সহকারী ইন্সট্রাক্টর/এইউইও দ্বায়িত্ব পালন করবেন।

ট) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণের গ্রেড ভিত্তিক মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট/ উপজেলা/থানা শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করবেন।

ঠ) পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ে সংযুক্ত শিক্ষকগণ ও শিশু কল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ কে যথাযথ নির্দেশনা অনুসরণ করে এ প্রশিক্ষণের অন্তর্ভূক্ত করবেন।

ড) প্রশিক্ষণ চলাকালীন যে কোনো সময় উপজেলা, জেলা, অধিদপ্তর ও মন্ত্রণালয়ের মেন্টরগণ প্রশিক্ষণ মনিটরিং ও মেন্টরিং গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষণ পরিবীক্ষণ করবেন।

ঢ) প্রশিক্ষণের সমাপনী দিনে ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্ব প্রাপ্ত ইন্সট্রাক্টর সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করবেন।

ণ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্ব প্রাপ্ত ইন্সট্রাক্টর আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বাজেট বিভাজন অনুসারে প্রশিক্ষণের যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। তিনি যে কোনো আর্থিক অনিয়মের জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৩। নবসৃষ্ট নিম্নোক্ত উপজেলার শিক্ষকগণের প্রশিক্ষণ ব্যয় নিচে বর্ণিত সাবেক উপজেলায় প্রেরণ করা হয়েছে। তাই নবসৃষ্ট উপজেলা সমুহের শিক্ষকগণ সংশ্লিষ্ট সাবেক উপজেলা হতে প্রশিক্ষণ গ্রহণ করবেন।

| জেলা : | চট্রগ্রাম | খাগড়াছড়ি | কুমিল্লা | নাটোর | বরগুনা | হবিগঞ্জ | সিলেট | ময়মনসিংহ |
|---|---|---|---|---|---|---|---|---|
| নবসৃষ্ট উপজেলা : | কর্নফুলী | গুইমারা | লালমাই | নলডাংগা | তালতলী | শায়েস্তাগঞ্জ | ওসমানীনগর | তারাকান্দা |
| সাবেক উপজেলা : | পটিয়া | মাটিরাঙ্গা | লাকসাম | সদর | আমতলী | সদর | বালাগঞ্জ | ফুলপুর |

**৪। প্রশিক্ষণ সমাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নোক্ত ছকে বিষয়ভিত্তিক ইংরেজি প্রশিক্ষণের তথ্য পরিচালক (প্রশিক্ষণ) বরাবর এবং munira_islam@yahoo.com এ ইমেইলে প্রেরণ করবেন।**

**পিইডিপি৪ এর অধীন পরিচালিত বিষয়ভিত্তিক ইংরেজি প্রশিক্ষণে অংশগ্রহণকারী শিক্ষকগণের তথ্য**

বিভাগ - জেলা- উপজেলা/থানা-

| ক্রমিক | অর্থবছর | প্রশিক্ষণ এর সময়কাল ( .. তারিখ হতে .. তারিখ পর্যন্ত) | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | | বিষয়ভিত্তিক ইংরেজি প্রশিক্ষণ প্রয়োজন এমন অবশিষ্ট শিক্ষক সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | মহিলা | পুরুষ | | |
| ১ | ২০১৯-২০ | | | | | |
| ২ | ২০২২-২৩ | | | | | |
| ৩ | ২০২৩-২৪ | | | | | |
| | | | | | স্বাক্ষর<br>ইন্সট্রাকটর<br>উপজেলা/ থানা রিসোর্স সেন্টার | |

৫। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তি: পিইডিপি-৪ এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ইউআরসি টিআরসিতে বিষয়ভিত্তিক ইংরেজী প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত বরাদ্দপত্র, TMTE প্রশিক্ষণপ্রাপ্ত বিষয়ভিত্তিক (ইংরেজী) প্রশিক্ষকগণের তালিকা, বাজেট বিভাজন, প্রশিক্ষণ ম্যানুয়াল (নতুন সংযোজনীসহ)।

২৪-০৪-২০২৪
শাহীনুর শাহীন খান
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ইউআরসি/টিআরসি ইন্সট্রাকটর (সকল)।

৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ

**স্মারক নম্বর:** ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৩.২২.১/১ (১২) তারিখ: ১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, প্রশাসন/ পলিসি ও অপারেশন/ পরিকল্পনা ও উন্নয়ন/ অর্থ ও সংগ্রহ/ মনি: ও মূল্যা/প্রকিউরমেন্ট/ আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।;

২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।;

৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা .................. (সকলবিভাগ)।;

৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল জেলা)( যে সকল উপজেলায় প্রশিক্ষক নাই/স্বল্পতা রয়েছে, পার্শ্ববর্তী উপজেলা হতে প্রশিক্ষক ডেপুটেশন প্রদানের অনুরোধসহ)।;

৫। সুপারিনটেনডেন্ট.................. (সকল) পিটিআই , (সংশ্লিষ্ট ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টরকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো);

৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .................. (সকল জেলা);

৭। উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)...............উপজেলা/ থানা......................জেলা , (প্রতিব্যাচে ৩০ জন শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে যথাসময়ে মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো);

৮। উপজেলা/ থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল উপজেলা/থানা), .............................উপজেলা/ থানা......................জেলা;

৯। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

১০। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

১১। অতিরিক্ত মহাপরিচালক,পিইডিপি৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক,পিইডিপি৪, মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং

১২। অফিস কপি, প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

২৪-০৪-২০২৪
মোঃ মাহবুবুর রহমান বিল্লাহ
উপপরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) TMTE সম্পন্ন প্রশিক্ষক তালিকা cohort 5 Participants
(২) TMTE complete pti wise Cohort 4 Participant list
(৩) TMTE participants Cohort 1
(৪) TMTE সম্পন্ন প্রশিক্ষক তালিকা Cohort 3 participants_compressed_compressed
(৫) TMTE participants Cohort 2
(৬) budget english 23-24
(৭) বরাদ্দপত্র পিইডিপি-৪ এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ইউআরসি টিআরসিতে বিষয়ভিত্তিক ইংরেজী প্রশিক্ষণ আয়োজন.PDF